

১০ হাজার কলেজশিক্ষক
এমপিওভুক্তির
জন্য চিঠি দেবে
সংসদীয় কমিটি

নিজস্ব প্রতিবেদক •

বেসরকারি কলেজের প্রায় ১০ হাজার শিক্ষককে এমপিওভুক্তির আওতায় আনতে অর্থ মন্ত্রণালয়কে চিঠি দেবে শিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ডবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত হয়।

বৈঠক শেষে কমিটির সদস্য হুসিমা উদ্দীন তরফদার সাংবাদিকদের এ কথা বলেন।

সংসদ-সচিবালয়ের বিস্তৃতিতে বলা হয়েছে, বৈঠকে কমিটি ৬৪-জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানে ডিসেম্বর মাস থেকে 'মা সমাবেশ' আয়োজনের সুপারিশ করেছে। কমিটির সভাপতি আফছারুল আযীনের সভাপতিত্বে বৈঠকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, আবদুল কুদ্দুস, হুসিমা উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এস এম আবুল কালাম আজাদ, মোহাম্মদ মামুদুর রশিদ ও সেলিনা আক্তার বানু অংশ নেন।